দৈনিক ইনকিলাব

তারিখ 10 MAR 1997
পৃষ্ঠা ৩ কলাম ২

৩

# চট্টগ্রাম ভার্সিটিতে পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরসহ পুরো প্রশাসনিক ভবনে তালা

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার (৯ মার্চ) ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরসহ পুরো প্রশাসনিক ভবনে তালা ঝুলছে। চাঞ্চল্যকর সার্টিফিকেট কেলেংকারীর ঘটনায় অভিযুক্ত ছাত্রদের একটি গ্রুপ পূর্বঘোষণা অনুযায়ী আজ সকাল ৮টা থেকে এই তালা ঝুলিয়ে দিয়েছে। এরফলে পরীক্ষানিয়ন্ত্রণ দপ্তরসহ পুরো প্রশাসনিক ভবনে আজ কোন কাজকর্ম হয়নি। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত তালা বন্ধ থাকায় বিকেল ৩টায় ভিসির দপ্তরে পূর্ব নির্ধারিত একটি সিন্ডিকেট বৈঠকও হতে পারেনি। উল্লেখ্য, দুর্নীতির দায়ে চাকরিচ্যুত পরীক্ষা নিয়ন্ত্রক ও তার কয়েকজন সহযোগী বিগত সময়ে মোটা অংকের বিনিময়ে চট্টগ্রাম ভার্সিটি থেকে হাজার হাজার জাল মার্কশীট ও সার্টিফিকেট ও ইস্যু করে। এই ঘটনা ফাঁস হলে বিগত ২ বছর যাবত এক প্রাথমিক তদন্তে কর্তৃপক্ষ এই পর্যন্ত প্রায় দুই সহস্রাধিক জাল মার্কশীট সার্টিফিকেট সনাক্ত করেছেন। এক সিন্ডিকেট সভায় সকল জাল মার্কশীট সার্টিফিকেট বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে বেশকিছু ছাত্র দাবী করে আসছে তারা জালিয়াতির সাথে জড়িত নয়। বিনাকারণে তাদের মার্কশীট ও সার্টিফিকেট বাতিল করা হয়েছে। তাদের বিরুদ্ধে আনিত অভিযোগ প্রত্যাহারের দাবীতে উক্ত ছাত্ররা বিগত ২/৩ মাস যাবত আন্দোলন করে যাচ্ছে। তাদের দাবীর বিষয়টি পূর্ণ বিবেচনার জন্যে সম্প্রতি কর্তৃপক্ষ সিন্ডিকেটে পাঠালে সিন্ডিকেট পূর্বসিদ্ধান্ত (জাল সার্টিফিকেট বাতিল) বহাল রাখে। এর ফলে উপরোল্লিখিত ছাত্ররা পূর্বঘোষণা অনুযায়ী আজ সকল ৮টা থেকে তালা ঝুলিয়ে দিলে কাজ-কর্ম অচল হয়ে পড়ে। উক্ত অভিযুক্ত ছাত্ররা প্রসাসনিক ভবনের সামনে অবস্থান নিয়েছে। আজ সন্ধ্যা পর্যন্ত বিষয়টির কোন সুরাহা হয়নি বলে জানা গেছে।